৪৮

দৈনিক সংবাদ

তারিখ 16 MAY 1997
পৃষ্ঠা ২০ কলাম ৪

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে উচ্চতর গবেষণা কোর্স

গবেষক ছাত্রদের জন্য ২৮০০ টাকা মাসিক হারে কয়েকটি বৃত্তির ব্যবস্থা রয়েছে। আর পিএইচডি কোর্সে ভর্তির জন্যে এমফিল ডিগ্রি অথবা বিশ্ববিদ্যালয় কিংবা বিশ্ববিদ্যালয় অনুমোদিত কোন কলেজে তিন বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হয়। এমফিল, পিএইচডি পর্যায়ে ভর্তিচ্ছু গবেষকদের শিক্ষা পর্যায়ে কোন তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক এ প্রতিবেদকের সাথে আলোচনাকালে বলেন এ শর্তটি পুনর্বিবেচনা করা যেতে পারে। কারণ প্রথম শ্রেণীপ্রাপ্ত ছাত্র হলেই ভাল শিক্ষক কিংবা ভাল গবেষক হতে পারবে এমন কোন কথা নেই। আবার তৃতীয় শ্রেণীপ্রাপ্ত ছাত্র কিংবা প্রাতিষ্ঠানিক ডিগ্রিপ্রাপ্ত কোন ছাত্রও গবেষণা ক্ষেত্রে ভাল অবদান রাখতে পারে। মুক্তবুদ্ধি চর্চার কেন্দ্র হিসেবে গবেষকদের শিক্ষাগত যোগ্যতার ব্যাপারে কড়াকড়ি বিধিনিষেধ আরোপ না করলেও চলে। তবে শিক্ষকতায় অভিজ্ঞতা না থাকলে অনুমোদিত গবেষণা-পত্রে প্রকাশনা থাকলেও অগ্রাধিকার পাওয়া যায়। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত Dhaka university studies একাডেমি পত্রিকা, Bangla Academy Journal, বাংলা একাডেমি বিজ্ঞান পত্রিকা, শিল্প একাডেমি পত্রিকা, নজরুল ইনস্টিটিউট পত্রিকা, এশিয়াটিক সোসাইটি পত্রিকাসহ অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত গবেষণা পত্রিকায় প্রকাশিত গবেষণা প্রবন্ধ– এ ক্ষেত্রে বিবেচনায় আনা হয়। তবে বিশ্ববিদ্যালয়–গুলোর প্রকাশিত জার্নালে লেখা প্রকাশ করতে নিবন্ধীকৃত গবেষক কিংবা শিক্ষক হতে হয়। বিশ্ববিদ্যালয়ের এ শর্তটি মুক্ত গবেষণার দ্বারকে রুদ্ধ করে বলে একজন গবেষক মন্তব্য করেন।

এমফিল কোর্স দু' বছরের। প্রথম বছরে নিয়মিত ক্লাস করতে হয়। দ্বিতীয় বছরে একটি গবেষণা সন্দর্ভ তৈরি করতে হয়। এমফিল ডিগ্রির পরে পিএইচডি করতে আরও দু'বছর সময় লাগে এবং সেখানেও দ্বিতীয় বর্ষে একটি গবেষণা সন্দর্ভ জমা দিতে হয়। তবে নির্ধারিত সময়ের মধ্যে অভিসন্দর্ভ রচনার কাজ সম্পন্ন করার কৃতিত্ব খুব কম গবেষকই অর্জন করেছেন। তবু প্রতি বছর শতাধিক ছাত্র গবেষণার জন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হচ্ছে।

.... সাধারণত জানুয়ারি–ফেব্রুয়ারি মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গবেষণা কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। সংশ্লিষ্ট বিভাগে খোঁজ নিয়ে ভর্তির ব্যাপারে নিশ্চিত হওয়া যেতে পারে।